শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

## বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২

২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া।

E-mail : bograpbs2@gmail.com, Website: pbs2.bogra.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.১০৮৫.৫৭৪.০১.০০৮.২৪.১১৩২

তারিখঃ ২৯ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ

# "নিলাম বিজ্ঞপ্তি"

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর যানবাহনের নিম্নবর্ণিত ব্যবহার অযোগ্য টায়ার ও পুরাতন খুচরা যন্ত্রাংশ যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদার এর নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দর আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | বিবরণ | পরিমাণ | উদ্ধৃত একক মূল্য (টাকা) | উদ্ধৃত মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | জীপ ও পিকআপ গাড়ীর টায়ার (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য) | ৫২ টি | | |
| ০২ | মোটর সাইকেল এর টায়ার (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য) | ৩০ টি | | |
| ০৩ | যানবাহনের খুচরা যন্ত্রাংশ (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য) | আনুমানিক ১০০ কেজি (কম/বেশী হতে পারে) | | |

**শর্তাবলীঃ**

০১। আগ্রহী দরদাতাগণ আগামী ১৯/০২/২০২৪ ইং তারিখ, রোজ সোমবার, দুপুর ১১:৩০ ঘটিকার মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২, ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া এই ঠিকানায় রক্ষিত টেন্ডার বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে পারবেন। ডাকযোগে এবং নির্ধারিত সময়ের পর কোন দরপত্র দলিল গ্রহণ করা হবে না। দাখিলকৃত নিলাম দরপত্র স্ব-স্ব স্থানে একই তারিখ অর্থাৎ আগামী ১৯/০২/২০২৪ ইং তারিখ, রোজ সোমবার, ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। খামের উপর **"যানবাহনের পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য টায়ার ও খুচরা যন্ত্রাংশ এর নিলাম দর"** কথাটি স্পষ্ট আকারে লিখতে হবে।

০৩। নিলাম উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ) হারে নিরাপত্তা জামানত বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। অন্যথায়, প্রাপ্ত দর বিবেচনা করা হবে না।

০৪। মালামালসমূহ আগামী ১৮/০২/২০২৪ খ্রিঃ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া এ পরিদর্শন করা যাবে।

০৫। মালামালের সর্বোচ্চ বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রয় করা যাবে।

০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে নিলাম সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য বাবদ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায়, প্রাপ্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।

০৭। কৃতকার্য দরদাতাকে উদ্ধৃত দরের ভ্যাট ও উৎসে কর আলাদাভাবে পরিশোধ করতে হবে।

০৮। মালামাল গ্রহণের সময় পরিমান কম হলে মূল্য সমন্বয় করা হবে।

০৯। মালামালের পরিমাণ বেশী হলে উদ্ধৃত একক দর অনুযায়ী অতিরিক্ত মূল্য জমা প্রদান সাপেক্ষে তা গ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে অতিরিক্ত মোট মূল্যের উপর পৃথকভাবে ভ্যাট ও উৎসে কর মালামাল গ্রহণের পূর্বেই জমা প্রদান করতে হবে।

১০। উক্ত নিলাম বিজ্ঞপ্তির শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দর গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

22/2/28

(মোঃ আমজাদ হোসেন)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (দর গ্রহণের অনুরোধসহ)।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বগুড়া জোন, বাপবিবো, বগুড়া।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
০৪। জেলা প্রশাসক, বগুড়া।
০৫। পুলিশ সুপার, বগুড়া।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----------------------------------পবিস-১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ, বগুড়া।
০৮। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, বগুড়া।
০৯। ডেপুটি জেনারেল ম্যানেজার-কারিগরী/ ধুনট/গাবতলী/শেরপুর/সারিয়াকান্দি/সোনাতলা জোনাল অফিস, বগুড়া পবিস-২।
১০। সহ-জেনারেল ম্যানেজার-অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/সদস্য সেবা/প্রশাসন/আইটি, বগুড়া পবিস-২।
১১। নোটিশ বোর্ড/ওয়েব সাইট **pbs2.bogra.gov.bd**, বগুড়া পবিস-২।
১২। অফিস/মাস্টার কপি।

12.02.24

(মোছাঃ নুসরাত ইবরোজ)
এজিএম (প্রশাসন)

D:\Airin DEO\Tender\1.008\01.008....docx

# বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২

২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া।
E-mail : bograpbs2@gmail.com

ISO 9001:2015 Certified

## যানবাহনের পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য টায়ার ও খুচরা যন্ত্রাংশ নিলামে বিক্রয়ের দরপত্র দলিল

ইস্যুকারী প্রতিষ্ঠানের নাম :.......................................................

ঠিকানা : .......................................................

.......................................................

.......................................................

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ স্থাপিত ২০১৬ খ্রিঃ * বগুড়া *

# দরদাতার প্রতি নির্দেশাবলী

১। **দরপত্র দলিল** — বিক্রয়যোগ্য মালামাল, দরপত্র পদ্ধতি এবং চুক্তির শর্তাবলী এই দরপত্র দলিলে বর্ণনা করা হইয়াছে। নিলাম দরপত্র বিজ্ঞপ্তি ছাড়াও এই দরপত্র দলিলের অন্তর্ভূক্ত হইবে নিম্নোক্ত অংশগুলিঃ

(ক) দরদাতার প্রতি নির্দেশাবলী
(খ) বিক্রয়যোগ্য মালামালের বিবরণ
(গ) নিলাম দরপত্র ফরম
(ঘ) মূল্য তালিকা
(ঙ) সরবরাহ গ্রহনের সময়সীমা তালিকা

২। **দরপত্র দলিল স্পষ্টায়ন** — দরপত্র দলিলের কোন বিধান সম্ভাব্য দরদাতাদের কাছে অস্পষ্ট প্রতীয়মান হলে তা স্পষ্টায়নের জন্য বিক্রেতার ঠিকানায় লিখিত ভাবে অনুরোধ জানানো যেতে পারে। তবে ঐ অনুরোধ অবশ্যই দরপত্র দাখিলের সর্বশেষ তারিখের কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে বিক্রেতার নিকট পৌঁছাইতে হইবে। বিক্রেতা লিখিত ভাবে সম্ভাব্য দরদাতার অনুরোধ অনুযায়ী সংশ্লিষ্ট বিষয় স্পষ্টায়ন করবেন।

৩। **দরপত্র দলিলের সংশোধন** — দরপত্র দাখিলের সর্বশেষ সময়ের পূর্বে যে কোন সময় বিক্রেতা তার নিজ উদ্যোগে অথবা সম্ভাব্য দরদাতার অনুরোধে দরপত্র দলিলের যে কোন বিধান সংশোধন করতে পারেন। তবে যে সকল সম্ভাব্য দরদাতা ঐ সময়ে দরপত্র দলিল সংগ্রহ করিয়াছেন তাহাদেরকে লিখিতভাবে উক্ত সংশোধন জানানো হইবে এবং তাহা অনুসরণ করা দরদাতাদের জন্য বাধ্যতামূলক হইবে।

৪। **মালামাল পরিদর্শন** — আগামী ১৮/০২/২০২৪ ইং তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে উল্লেখিত মালামালগুলি বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২, ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া -এ পরিদর্শন করা যাইবে।

## দরপত্র তৈরী

৫। **যে সকল দলিল দ্বারা দরপত্র তৈরী হইবে** — দরদাতা কর্তৃক দাখিলতব্য দরপত্র অবশ্যই নিম্নোক্ত দলিলসমূহ লইয়া তৈরী হইবেঃ
(ক) পূরণকৃত নিলাম দরপত্র ফরম ( পরিশিষ্ট-ক ) ও মূল্য তালিকা ( পরিশিষ্ট-খ )
(খ) পূরণকৃত সরবরাহ গ্রহনের সময়সীমা তালিকা ( পরিশিষ্ট- গ )

৬। **দরদাতার যোগ্যতা** — যেকোন আগ্রহী দরদাতা উক্ত নিলাম দরপত্রে অংশগ্রহন করিতে পারিবেন।

| | | |
|---|---|---|
| ৭। | **দরপত্র জামানত** | দরপত্র দলিলের মূল্য তালিকা ( পরিশিষ্ট-খ ) তে বর্ণিত মালামালের জন্য নিলামে উল্লেখিত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে দরপত্রের সহিত দরদাতাকে দাখিল করিতে হইবে। উক্ত নিরাপত্তা জামানত বাংলাদেশী যে কোন তফসীলি ব্যাংক হইতে বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর অনুকুলে পে-অর্ডার এর মাধ্যমে প্রদান করা যাইবে। কোন দরপত্রের সাথে প্রয়োজনীয় অংকের নিরাপত্তা জামানত দাখিল না করিলে উক্ত দরপত্র নন-রেসপনসিভ হিসাবে বিবেচিত হইবে। ব্যর্থ দরদাতাদের নিরাপত্তা জামানত যথাশীঘ্র সম্ভব ফেরৎ প্রদান করা হইবে। তবে কোন অবস্থায় দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার ৩০ দিনের অতিরিক্ত অতিক্রান্ত হইবে না।<br><br>নিরাপত্তা জামানত বাজেয়াপ্ত হইয়া যাইবে যদি<br><br>ক) দরপত্রের মেয়াদ বহাল থাকা অবস্থায় কোন দরদাতা তাহার দরপত্র প্রত্যাহার করেন; অথবা<br><br>খ) ১৪.১ ধারা অনুযায়ী উদ্ধৃত দরের কোন সংশোধন গ্রহনে দরদাতা অস্বীকৃতি জানান;<br><br>গ) কৃতকার্য দরদাতার নিরাপত্তা জামানত মালামাল গ্রহনের সময় পরিশোধযোগ্য মোট মূল্যের সহিত সমন্বয় করা হইবে। |
| ৮। | **দরপত্রের মেয়াদ** | দরপত্র দাখিলের তারিখ হইতে ১২০ (একশত বিশ) দিন পর্যন্ত দরপত্রের মেয়াদ বহাল থাকিতে হইবে। দরপত্রের মেয়াদ ১২০ (একশত বিশ) দিন এর কম সময়ের জন্য হইলে দরপত্র নন-রেসপনসিভ বিবেচনা করিয়া বাতিল করা হইবে। বিশেষ এবং ব্যতিক্রমী পরিস্থিতিতে বিক্রেতা দরদাতাকে দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ জানাতে পারেন। এই অনুরোধ এবং এর প্রতি দরদাতার সাড়া অবশ্যই লিখিত ভাবে হইতে হইবে। তবে দরদাতা দরপত্রের মেয়াদ বাড়ানোর অনুরোধ প্রত্যাখ্যান করিতে পারেন। সেক্ষেত্রে দরদাতার দরপত্র জামানত বাজেয়াপ্ত হইবে না। |
| ৯। | **দরপত্র স্বাক্ষর** | দরপত্রের প্রত্যেক পৃষ্ঠায় দরদাতা অথবা তাহার উপযুক্ত প্রতিনিধির স্বাক্ষর ও সীল থাকিতে হইবে। দরপত্রে কোনরূপ কাটাকাটি, ঘষামাজা করা হইলে তাহা দরপত্র স্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরিত হইতে হইবে। |

## দরপত্র দাখিল

| | | |
|---|---|---|
| ১০। | **দরপত্র বন্ধকরণ ও চিহ্নিতকরণ** | দরদাতা দরপত্র একটি খামে বন্ধ করিবেন এবং খামের উপরে নিলাম দরপত্র লিখিয়া চিহ্নিত করিবেন। খামে ক্রেতার ঠিকানা লিখিতে হইবে এবং খামের উপরে দরপত্র দাখিলের সর্বশেষ সময়সীমার (১৯/০২/২০২৪ ইং তারিখ বেলা ১১:৩৫ ঘটিকা ) পূর্বে "খোলা যাইবে না " মর্মে লিখিতে হইবে। |
| ১১। | **দরপত্র দাখিলের সময়সীমা** | দরপত্র অবশ্যই ১৯/০২/২০২৪ ইং তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় বা তার পূর্বে ক্রেতা বা তার প্রতিনিধি কর্তৃক গৃহীত হইতে হইবে। বিক্রেতা প্রয়োজন মনে করিলে দরপত্র দলিলের সকল শর্ত অপরিবর্তিত রাখিয়া দরপত্র গ্রহনের সময়সীমা বৃদ্ধি করিতে পারেন। |
| ১২। | **বিলম্বে আনীত দরপত্র** | বিক্রেতা কর্তৃক নির্ধারিত সময়সীমার পরে আনীত সকল দরপত্র বাতিল করা হইবে এবং বন্ধ অবস্থায় দরদাতাকে ফেরৎ প্রদান করা হইবে। |

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২
স্থাপিত ২০১৬ খ্রিঃ
বগুড়া

# বিক্রেতা কর্তৃক দরপত্র খোলা ও মূল্যায়ন

**১৩। বিক্রেতা কর্তৃক দরপত্র খোলা**

নির্ধারিত তারিখ ও সময়ে দরদাতাগণের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ থাকেন) বিক্রেতা কর্তৃক দরপত্র সমূহ খোলা হইবে। দরদাতাগণের প্রতিনিধিগণ উপস্থিত থাকিলে অবশ্যই তাহারা উপস্থিতি তালিকায় স্বাক্ষর করিবেন। দরপত্র খোলার সময় বিক্রেতা দরদাতার নাম, ঠিকানা, উদ্ধৃত মূল্য, ডিসকাউন্ট(যদি থাকে), দরপত্র জামানতের পরিমাণ এবং বিক্রেতার মতে প্রয়োজনীয় অন্যান্য বিষয় ঘোষণা করিবেন এবং লিপিবদ্ধ করিবেন। ১০ অনুচ্ছেদ অনুযায়ী দেরীতে দাখিলকৃত দরপত্র ব্যতীত দরপত্র খোলার সময় অন্য কোন দরপত্র বাতিল ঘোষণা করা যাইবে না।

**১৪। দরপত্র স্পষ্টায়ন**

দরপত্র মূল্যায়নকালে বিক্রেতা প্রয়োজন মনে করিলে যে কোন দরদাতার নিকট তাহার দরপত্রের উপর ব্যাখ্যা চাহিতে পারেন। তবে এই ধরণের ব্যাখ্যা এবং তার বিপরীতে সাড়া অবশ্যই লিখিতভাবে হইতে হইবে। এ ছাড়াও উদ্ধৃত মূল্যের পরিবর্তন অথবা দরপত্রের মূল বিষয়ের উপর কোন ব্যাখ্যা বিক্রেতা চাহিতে পারিবেন না অথবা দরদাতা প্রস্তাব করিতে পারিবেন না বা প্রস্তাব করার অনুমতি দেওয়া হইবে না।

**১৫। প্রাথমিক যাচাই বাছাই**

১৫.১ বিক্রেতা গৃহীত দরপত্রসমূহ প্রাথমিক যাচাই বাছাইকালে দরপত্র দলিলের শর্তাদি অনুযায়ী দরপত্রসমূহ পূর্ণাঙ্গ কি না, প্রয়োজনীয় ন্যূনমত দরপত্র জামানত দাখিল করা হইয়াছে কি না, দরপত্র যথাযথ ভাবে স্বাক্ষরিত কি না, গাণিতিক কোন ভুল আছে কি না ইত্যাদি বিষয়ে নিশ্চিত হইবেন। গাণিতিক কোন ভুল থাকিলে নিম্নোক্ত ভাবে তা সংশোধন করা হইবেঃ

উদ্ধৃত একক মূল্যকে পরিমান দ্বারা গুণ করিয়া প্রাপ্ত মোট মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে একক মূল্য বহাল থাকিবে এবং সেই অনুযায়ী মোট মূল্যকে সংশোধন করা হইবে। অংকে উদ্ধৃত মূল্য এবং কথায় উদ্ধৃত মূল্যের মধ্যে কোন গরমিল দেখা দিলে সেই ক্ষেত্রে কথায় উদ্ধৃত মূল্য বহাল থাকিবে।

১৫.২ দরপত্রে যে কোন ধরণের ছোট খাট ত্রুটি, অনিয়ম ক্রেতা উপযুক্ত মনে করিলে উপেক্ষা করিতে পারেন যদি এ ধরণের ছোট খাট ত্রুটি/অনিয়ম কোন বড় ধরণের বিচ্যুতি হিসাবে বিবেচিত না হয়। বড় ধরণের বিচ্যুতি বলিতে প্রয়োজনীয় অংকের দরপত্র জামানত দাখিল না করা, দরপত্র ফরম তথা দরপত্রের অন্যান্য প্রয়োজনীয় অংশ দরদাতা কর্তৃক স্বাক্ষরিত না হওয়া, মালামাল সরবরাহ গ্রহনের নির্ধারিত সময়সীমার মধ্যে দরদাতা কর্তৃক মালামাল সরবরাহ গ্রহণের প্রস্তাব না করা ইত্যাদি বুঝাইবে।

**১৬। দরপত্র মূল্যায়ন ও তুলনাকরন**

* গৃহীত দরপত্রসমূহ ১৪ অনুচ্ছেদ অনুযায়ী যাচাই বাছাইকালে সর্বোত ভাবে বিবেচিত রেসপনসিভ দরপত্রসমূহ বিক্রেতা মূল্যায়ন ও তুলনা করিবেন।

*** দর প্রস্তাবকারী ব্যক্তি/প্রতিষ্ঠার এর মধ্যে সর্বোচ্চ সর্বমোট দর প্রদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিলাম বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।**

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ স্থাপিত ২০১৯ খ্রিঃ বগুড়া

## কার্যাদেশ প্রদান

| | | |
|---|---|---|
| ১৭। | **কার্যাদেশ প্রদানের নির্ণায়ক** | ১৮ অনুচ্ছেদ সাপেক্ষে, বিক্রেতা সফল দরদাতা অর্থাৎ যাহার দরপত্র সর্বোতভাবে রেসপনসিভ এবং মূল্যায়িত সর্বোচ্চ দরপত্র হিসাবে বিবেচিত হইবে তাহাকে কার্য্যাদেশ প্রদান করিতে হইবে। |
| ১৮। | **ক্রেতার যে কোন অথবা সকল দরপত্র গ্রহন/ প্রত্যাখান করার অধিকার** | কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত বিক্রেতা যে কোন দরপত্র গ্রহন/প্রত্যাখান করা অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল দরপত্র প্রত্যাখান করার অধিকার সংরক্ষণ করেন এবং এ কারনে ক্ষতিগ্রস্থ দরদাতা বা দরদাতাগণের নিকট বিক্রেতার কোন দায়বদ্ধতা সৃষ্টি হইবে না। |
| ১৯। | **কার্যাদেশ প্রদান** | দরপত্রের মেয়াদ উত্তীর্ণ হইবার পূর্বেই বিক্রেতা সফল দরদাতাকে লিখিত ভাবে কার্যাদেশ প্রদান করিবেন। কার্যাদেশ পত্র বিক্রেতার সহিত সফল দরদাতার চুক্তি গঠন করিবে। |
| ২০। | **মালামাল সরবরাহ গ্রহনের পূর্বে মালামালের মূল্য পরিশোধ করা** | কৃতকার্য নিলাম দরপত্রদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হইতে ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করিয়া মালামালসমূহের ডেলিভারী গ্রহণ করিতে হইবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হইলে জামানতের সমূদয় অর্থ বাজেয়াপ্ত করা হইবে। |
| ২১। | **শুল্ক ও কর পরিশোধ** | সরবরাহ গ্রহনের পূর্বে সরবরাহ গ্রহনকারীকে পরিশোধযোগ্য সকল শুল্ক ও কর পরিশোধ করিয়া তাহার চালান দাখিল করিতে হইবে। |
| ২২। | **মালামাল সরবরাহ গ্রহনে জরিমানা** | যথাসময়ে মালামাল সরবরাহ গ্রহণ করিতে ব্যর্থ হইলে দরপত্র জামানত বাজেয়াপ্ত করা হইবে। |

দরদাতা ব্যক্তি/ প্রতিষ্ঠানের নামঃ.......................................................................

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ স্থাপিত খ্রিঃ * বগুড়া *

## সরবরাহ গ্রহণ সময়সীমার তালিকা

| মালামালের বিবরণ | পরিমাণ | সরবরাহ গ্রহণ সময়সীমা | উদ্ধৃত সময়সীমা | যে স্থান হইতে সরবরাহ গ্রহণ করা হইবে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| জীপ ও পিকআপ গাড়ীর টায়ার (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য) | ৫২ টি | ০৭ দিন | | বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর স্টোর, ২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া, শাজাহানপুর, বগুড়া। |
| মোটর সাইকেল এর টায়ার (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য) | ৩০ টি | | | |
| যানবাহনের খুচরা যন্ত্রাংশ (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য) | আনুমানিক ১০০ কেজি (কম/বেশী হতে পারে) | | | |

নোট : কার্যাদেশ প্রদানের তারিখকে সরবরাহ সময়সীমা শুরু হইবার তারিখ হিসাবে গণ্য করা হইবে।

দরদাতার স্বাক্ষর

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ স্থাপিত ২০১৬ খ্রিঃ * বগুড়া *

## দরপত্র ফরম

সিনিয়র জেনারেল ম্যানেজার
বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২
২য় বাইপাস, হেলেঞ্চাপাড়া,
শাজাহানপুর, বগুড়া ।

প্রিয় মহোদয়,

আমি/আমরা নিম্নস্বাক্ষরকারীগণ দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) পুঙ্খানুপুঙ্খ যাচাই পূর্বক (সংশোধন সহ)............................ মালামাল মোট ..........................(..........................................................) টাকায় ক্রয় করার প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের দরপত্র গৃহীত হইলে আমি/আমরা উদ্ধৃত সময়সীমা অর্থাৎ ক্রয়তব্য মালামাল ০৭ দিনের মধ্যে গ্রহন করিতে বাধ্য থাকিব ।

আমার/আমাদের দরপত্র গৃহীত হইলে দরপত্র দলিলের ২০ অনুচ্ছেদে উল্লেখিত সময়ের জন্য উদ্ধৃত দর বৈধ থাকিবে এবং ঐ সময়ের মধ্যে কার্যাদেশ প্রদান করা হইলে কার্যাদেশ অনুযায়ী মালামাল গ্রহন করিতে বাধ্য থাকিব ।

আপনার প্রদত্ত কার্যাদেশ বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ এবং আমাদের মধ্যে চুক্তি হিসাবে গণ্য হইবে ।

আমি/আমরা জ্ঞাত আছি যে আপনি সর্বোচ্চ দর অথবা যে কোন দরপত্র গ্রহনে বাধ্য নহেন।

--------------------------------
দরদাতার স্বাক্ষর

নামঃ................................................

পদবীঃ............................................

পূর্ন ঠিকানা / ফোন নং..............................

বগুড়া পল্লী বিদ্যুৎ সমিতি-২ স্থাপিত ২০১৬ খ্রিঃ বগুড়া

**পরিশিষ্ট-খ**

দরদাতা ব্যক্তি/ প্রতিষ্ঠানের নামঃ ..........................................................................................

মালামাল ও মূল্য তালিকা

| ক্র: নং | বিবরণ | পরিমাণ | উদ্ধৃত একক মূল্য (টাকা) | উদ্ধৃত মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | জীপ ও পিকআপ গাড়ীর টায়ার (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য) | ৫২ টি | | |
| ০২ | মোটর সাইকেল এর টায়ার (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য) | ৩০ টি | | |
| ০৩ | যানবাহনের খুচরা যন্ত্রাংশ (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য) | আনুমানিক ১০০ কেজি (কম/বেশী হতে পারে) | | |
| | | | সর্বমোট= | |

মোট উদ্ধৃত মূল্য = টাকা ............................................................

কথায়ঃ-.........................................................................................................................

দরদাতার স্বাক্ষর